

বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট
বাকুবি চত্বর, ময়মনসিংহ

বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউটের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

১. সভার সভাপতি : ড. মির্জা মোফাজ্জল ইসলাম
মহাপরিচালক, বিনা, ময়মনসিংহ।
২. সভার তারিখ ও সময় : ০৩ জুন ২০২০ খ্রিঃ, সকাল ১১.০০ ঘটিকায়।
৩. স্থান : শ্রেণী কক্ষ
৪. উপস্থিতির তালিকা : পরিশিষ্ট-ক
৫. আলোচনা ও সিদ্ধান্ত : উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। ২৩ মার্চ ২০২০ তারিখে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী প্রস্তাব না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়। বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

ক্রঃ নং	আলোচ্য বিষয় ও আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১.	মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি বাস্তবায়ন	(১) মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি ও নির্দেশনা বাস্তবায়ন সংক্রান্ত অগ্রগতি প্রতিবেদন গুরুত্ব সহকারে প্রস্তুত করে প্রতি মাসে সভায় উপস্থাপন অব্যাহত থাকবে। পরিচালক (গবেষণা) দপ্তর থেকে অগ্রগতি প্রতিবেদন প্রস্তুত করতঃ প্রতিমাসের ০১ তারিখের মধ্যে পরিকল্পনা ও উন্নয়ন শাখায় প্রেরণ এবং পরিকল্পনা ও উন্নয়ন শাখা কর্তৃক ০২ তারিখের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ অব্যাহত থাকবে। এব্যাপারে সংশ্লিষ্ট প্রতিবেদন বিভাগীয় প্রধানগণ কর্তৃক প্রতিমাসের ২০ তারিখ এবং ভারপ্রাপ্ত কর্মকর্তাগণ কর্তৃক ২৫ তারিখের মধ্যে সিএসও (আরসি) এর নিকট প্রেরণ এবং সিএসও (আরসি) মহোদয় কর্তৃক সকল প্রতিবেদন সমন্বয় করে প্রস্তুত করত মাসের ২৮ তারিখের মধ্যে পরিচালক (গবেষণা) মহোদয় এর নিকট প্রেরণ অব্যাহত রাখতে হবে।	পরিকল্পনা ও উন্নয়ন শাখা/সিএসও (আরসি)/ বিভাগীয় প্রধানগণ/ উপকেন্দ্রসমূহের ভারপ্রাপ্ত কর্মকর্তাগণ
২.	ওয়েবসাইট হালনাগাদকরণ	(১) বিনা'র ওয়েবসাইট হালনাগাদকরণ সংক্রান্ত তথ্য সমন্বয় সভায় উপস্থাপন অব্যাহত রাখতে হবে। (২) মন্ত্রণালয়ে প্রেরিত স্মারক নং যুক্ত সকল চিঠিপত্র ওয়েবসাইটে আপলোড অব্যাহত রাখতে হবে। (৩) গবেষণা তথ্য ও প্রযুক্তি সমূহ নিয়মিতভাবে ইউটিউবে আপলোড অব্যাহত রাখতে হবে। (৪) নিম্নের বর্ণনা মোতাবেক বিনা কর্তৃক উদ্ভাবিত জনপ্রিয় জাতের ভিডিও ক্লিপ (১½ থেকে ২ মিনিটের)-এর প্যাকেজ আকারে ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা করতে হবে। নিম্নোক্ত কমিটি সংশ্লিষ্ট প্রজননবিদকে কো-অপ্টকরে ভিডিও ক্লিপ প্যাকেজ আকারে ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণ করবেনঃ ১। ড. মোঃ মঞ্জুরুল আলম মন্ডল, সিএসও (আরসি)-----সভাপতি ২। ড. এ. এফ. এম, ফিরোজ হাসান, এসএসও এবং বিভাগীয় প্রধান --- সদস্য ৩। ড. সাকিনা খানম, পিএসও ----- সদস্য ৪। মোঃ জাহাঙ্গীর কবীর, ফটোগ্রাফার----- সদস্য ৫। মো. মাহবুবুল হাসান সোহাগ, এসও ----- সদস্য সচিব উপরোক্ত কমিটি বিভিন্ন ভিডিও ক্লিপ প্যাকেজ আকারে ওয়েবসাইটে প্রকাশের জন্য একটি নির্দিষ্ট ফরমেট তৈরি করে পরিচালক (গবেষণা) মহোদয় কর্তৃক অনুমোদন নিবেন।	সিএসও (আরসি)/সকল বিভাগীয় প্রধান/ প্রধান, ইলেকট্রনিক্স শাখা প্রধান, ইলেকট্রনিক্স শাখা/ সংশ্লিষ্ট প্রজননবিদ/ বিজ্ঞানী/ সংশ্লিষ্ট কমিটি
৩.	অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে ত্রি-পক্ষীয় এবং দ্বি-পক্ষীয় অডিট কমিটির কার্যক্রম জোরদারকরণ	(১) অডিট আপত্তি নিষ্পত্তির জন্য প্রয়োজনীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে।	উপ-পরিচালক (অর্থ)

